

বিষ্ণু জেলা ও দায়রা জজ আদালত, বরিশাল

সূত্র:- বরিশাল সদর থানা, মামলা নং- ০০, তারিখ: ০০-০০-২০২১ ইং। জি, আর-
১৭৯/২১ (ঘ)

ধারা: ৪০৬/৪১৯/৪২০/৪৬৫/৪৬৭/৪৭১/১০৯

দঃবঃ এবং পাসপোর্ট আইনের ১১(৩)

শাহানুর রহমান সবুজ -----বাদী

বনাম

১। আনোয়ারুল ইসলাম

২। সামসুল আরেফিন -----আসামী

বিষয়: মাননীয় আদালতে অত্র দরখাস্তকারী বাদীপক্ষে আসামীদের জামিন বাতিল
পূর্বক জেল-হাজতে প্রেরণের আবেদন।

১। অত্র মামলার দরখাস্তকারী বাদী অত্যন্ত সহজ সরল ও শান্তিপ্ৰিয় মানুষ।

২। অত্র মামলার আসামীগণ খুবই খারাপ প্রকৃতির লোক এবং এলাকার চিহ্নিত
মাস্তান।

৩। অত্র মামলার আসামীদের মাননীয় আদালত বিগত ০০/০০/০০০ ইং তারিখে
দৈনিক হাজিরার শর্তে অর্ন্তবর্তীকালীন জামিনে মুক্তি দেন এবং তাহারা জামিনে মুক্তি
পাইয়া ঐ দিন রাতেই অত্র মামলার ৫ জন আসামী সহ ৭/৮ জন মাস্তান প্রকৃতির
যুবক বাদীর বাসায় ঢুকিয়া বাদীকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং মামলা
প্রত্যাহার না করিলে বাদী সহ তাহার স্ত্রী ও ছেলেকে প্রাণে শেষ করিয়া দিবে বলিয়া
হুমকি দেয়। ঘটনাটি উল্লেখ করিয়া বাদী বিগত ০০/০০/০০০০ ইং তারিখে বরিশাল
থানায় একটি সাধারণ ডায়েরী করে যাহার নং ০০০০

৪। যেহেতু দরখাস্তকারী অত্যন্ত গরিব এবং কাচামাল ব্যবসায়ী এবং একমাত্র
উপার্জনক্ষম ব্যক্তি। তাহাদের ভয়ে বাদী তাহার স্ত্রী ও ছেলে অত্যন্ত ভীত সন্ত্রস্ত।

৫। জামিন বাতিলের অন্যান্য কারণ মাননীয় আদালতে শুনানীর সময় পেশ করা
হইবে।

অতএব, প্রার্থনা মাননীয় আদালত দয়া পরবশঃ দরখাস্ত গ্রহণ করতঃ আসামীদের
জামিন বাতিল পূর্বক জেল-হাজতে প্রেরণ করিয়া ন্যায় বিচার করিতে মর্জি হয়।

ইতি:-